



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আযম খান সরকারি কমাৰ্স কলেজ, খুলনা

অধ্যক্ষের কার্যালয়

২০১৬-১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

- ১। ভর্তির বিষয়ঃ হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং ও মার্কেটিং
- ২। ভর্তির প্রাথমিক আবেদন ফরম পাওয়া যাবেঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.nu.edu.bd/admissions এ ০৬.০৩.২০১৮ থেকে ২০.০৩.২০১৮ তারিখ পর্যন্ত।
- ৩। অনলাইনে পূরণকৃত ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজে (নিচতলার অফিসে) জমাদানের শেষ তারিখ : ২১.০৩.২০১৮ তারিখ খ্রিঃ মধ্যে।
- ৪। প্রাথমিক আবেদন ফরমের ফিস : ৩০০/- (তিনশত টাকা) অফিস কাউন্টারে জমা দিতে হবে।
- ৫। মাস্টার্স শেষ পর্বে ভর্তির আবেদনের যোগ্যতাঃ
 - ক. জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম তৃতীয় শ্রেণিতে উত্তীর্ণ। অথবা,
 - খ. তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও এক বছর মেয়াদী ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ।
- ৬। মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলিঃ
 - ক) এ ভর্তি কার্যক্রমে আবেদনের জন্য আর্থহী প্রার্থীকে ০৬/০৩/২০১৮ থেকে ২০/০৩/২০১৮ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে ২১/০৩/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।
 - খ) মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের Masters tab সিলেক্ট করে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য হুকে স্নাতক (সম্মান)/স্নাতক(পাস) ও মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
 - গ) মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে প্রাথমিকভাবে আবেদনকারী প্রার্থীদের স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব(নিয়মিত)/স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে বিষয় বরাদ্দ দেয়া হবে। আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না।
 - ঘ) আবেদনকারী প্রার্থীরা যে কলেজ থেকে স্নাতক (সম্মান)/ স্নাতককোত্তর ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা ঐ কলেজে আবেদন করে থাকলে ভর্তির জন্য প্রথমে সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকলে অন্যান্য আবেদনকারীকে মেধার ভিত্তিতে আসন বরাদ্দ দেয়া হবে।
 - ঙ) ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।
 - চ) প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
 - ছ) এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলির সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
 - জ) একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
 - ঝ) ওয়েবসাইট থেকে প্রিন্টকৃত আবেদন ফরমে স্বাক্ষর করে স্নাতক পাস ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) /স্নাতক সম্মান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, প্রশংসাপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১ সেট আবেদন ফরমের সংগে জমা দিতে হবে।
 - ঞ) ওয়েব সাইট থেকে প্রিন্টকৃত আবেদন ফরমের উপরে যোগাযোগের জন্য ব্যক্তিগত মোবাইল নম্বর লিখতে হবে।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ

আযম খান সরকারি কমাৰ্স কলেজ
খুলনা।

অধ্যক্ষ
আযমখান সরকারি কমাৰ্স কলেজ
খুলনা।

আহবায়ক

মাস্টার্স শেষ পর্ব ভর্তি কমিটি-২০১৬-১৭